

ডিয়ার বাবা/মা এবং অভিভাবক,

আমি খুবই আনন্দিত যে, এ সপ্তাহে আমরা ছাত্রছাত্রীদেরকে স্কুলে স্বাগত জানাতে সক্ষম হয়েছি। স্কুল ভিত্তিক লেখাপড়া খুবই গুরুত্বপূর্ণ। তা শুধু লেখাপড়ার জন্যই নয় বরং আমাদের ছেলেমেয়েদের মানসিক স্বাস্থ্যের জন্যও।

স্কুলে ছাত্রছাত্রীদের ফিরে যাওয়া সম্পর্কে জানার জন্য ভিজিট করুন: [School arrangements - back to school \(COVID-19\) \(leicester.gov.uk\)](https://www.leicester.gov.uk/school-arrangements-back-to-school/)

আমি আপনাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই যে, ছাত্র-ছাত্রীদের জন্য স্কুল খুলে দেয়ার পরও আমাদেরকে জাতীয় নিষেধাজ্ঞা অনুসরণ যেতে থাকতে হবে। আপনার ও আপনার প্রিয়জনকে রক্ষা করা এবং করোনাভাইরাসের বিস্তার কমানোর জন্য নিষেধাজ্ঞাগুলো জারি করা হয়েছে।

- আপনি এমন কারোর সঙ্গে আবদ্ধ স্থানে মিশতে পারবেন না, যার সঙ্গে আপনি একই বাস করেন না। এর মধ্যে রয়েছে বার্ষিক পাটি এবং খেলাধুলা।
- আপনি অন্য পরিবারের মাত্র একজন লোকের সঙ্গে বাইরে খোলা জায়গায় দেখা করতে পারবেন।

জনস্বাস্থ্য সংক্রান্ত সরকারের মূল নিয়মগুলোর অতিরিক্ত হিসাবে উপরোক্ত নিয়মগুলো মেনে চলতে হবে। মূল নিয়মগুলো হলো ঘনঘন হাত ধুয়ে নেয়া, যেখানে প্রয়োজন সেখানে মুখাবরণ (ফেইস মাস্ক) লাগানো এবং সামাজিক দূরত্ব বজায় রাখা। তাছাড়া আমাদেরকে যতটুকু সম্ভব ঘরে থাকা চালিয়ে যেতে হবে।

সরকারের দ্বারা বিধি নিষেধ উঠিয়ে নেয়ার সম্ভাব্য তারিখ সম্পর্কে বিস্তারিত জানার জন্য ভিজিট করুন:

[COVID-19 Response - Spring 2021 - GOV.UK \(www.gov.uk\)](https://www.gov.uk/covid-19-response-spring-2021/)

অনুগ্রহ করে জেনে রাখুন যে, এই তারিখগুলো নির্দিষ্ট নয়। করোনাভাইরাস পরিস্থিতি পরিবর্তন না হলে অথবা আরো খারাপ হলে তা বদলানো হতে পারে।

এ পর্যন্ত বিধিনিষেধ অনুসরণ করে আসার জন্য আপনাদেরকে ধন্যবাদ। আমি জানি যে, আমরা এখন কঠিন সময় পার করছি এবং আমরা সকলেই এক ধরনের সাধারণ জীবন ফিরে যেতে চাই। আমরা যদি সরকারের নির্দেশগুলো মেনে চলতে থাকি, এবং আরো কিছু দিন মিলামিশা না করি, তাহলে আমরা একটি স্বাভাবিক গ্রীষ্মকাল (সামার) আশা করতে পারি।

আপনাদের বিশ্বস্ত

আইভান ব্রাউন (Ivan Browne)

ডাইরেক্টর অব পাবলিক হেলথ, লেস্টার সিটি কাউন্সিল

Director of Public Health, Leicester City Council